# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫৮৯

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৮. নামাযরত অবস্থায় অট্টহাসি সম্পর্কিত হাদীস এবং তার ত্রুটিসমূহ

بَابُ أَحَادِيثِ الْقَهْقَهَةِ فِي الصَّلَاةِ وَعِلَلِهَا

আরবী

حَدَّثَنَا بِهِ مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ الْحَسَنِ ، حَدَّثَنَا أَحْمَدُ بْنُ الْحُسَيْنِ الصُّوفِيُّ ، نَا سُفْيَانُ بْنُ مُحَمَّدٍ ، وَأَحْسَنُ حَالَاتِ سُفْيَانَ بْنِ مُحَمَّدٍ أَنْ يَكُونَ وَهِمَ فِي هَذَا الْحَدِيثِ عَلَى ابْنِ وَهْبٍ إِنْ لَمْ يَكُنْ تَعَمَّدَ ذَلِكَ فِي قَوْلِهِ : " عَنِ الْحَسَنِ ، عَنْ أَنَسٍ
فَقَدْ رَوَاهُ غَيْرُ وَاحِدٍ ، عَنِ ابْنِ وَهْبٍ ، عَنْ يُونُسَ ، عَنِ الزُّهْرِيِّ ، عَنِ الْحَسَنِ مُرْسَلًا ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ مِنْهُمْ : خَالِدُ بْنُ خِدَاشٍ الْمُهَلَّبِيُّ ، وَمَوْهِبُ بْنُ يَزِيدَ ، وَأَحْمَدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ وَهْبٍ وَغَيْرُهُمْ ؛ لَمْ يَذْكُرْ أَحَدٌ مِنْهُمْ فِي حَدِيثِهِ ، عَنِ ابْنِ وَهْبٍ فِي الْإِسْنَادِ : " أَنَسَ بْنَ مَالِكٍ " ، وَلَا ذَكَرَ فِيهِ بَيْنَ الزُّهْرِيِّ وَالْحَسَنِ " سُلَيْمَانَ بْنَ أَرْقَمَ " وَإِنْ كَانَ ابْنُ أَخِي الزُّهْرِيِّ وَابْنُ أَبِي عَتِيقٍ قَدْ رَوَيَاهُ عَنِ الزُّهْرِيِّ عَنْ سُلَيْمَانَ بْنِ أَرْقَمَ ، عَنِ الْحَسَنِ مُرْسَلًا ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فَهَذِهِ أَقَاوِيلُ أَرْبَعَةٌ عَنِ الْحَسَنِ بَاطِلَةٌ كُلُّهَا ؛ لِأَنَّ الْحَسَنَ إِنَّمَا سَمِعَ هَذَا الْحَدِيثَ مِنْ حَفْصِ بْنِ سُلَيْمَانَ الْمِنْقَرِيِّ ، عَنْ حَفْصَةَ بِنْتِ سِيرِينَ ، عَنْ أَبِي الْعَالِيَةِ الرِّيَاحِيِّ مُرْسَلًا ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

বাংলা

৫৮৯(১৩). মুহাম্মাদ ইবনে আহমাদ ইবনুল হাসান (রহঃ) ... সুফিয়ান ইবনে মুহাম্মাদ এই হাদীস ইবনে ওয়াহব (রহঃ) থেকে বর্ণনায় সন্দেহে পতিত হয়েছেন, যদি আল-হাসান-আনাস (রাঃ) থেকে তার বর্ণনার উপর নির্ভর করা না যায়, তবে তিনি ব্যতীত একাধিক রাবী ইবনে ওয়াহব-ইউনুস-আয-যুহরী-আল-হাসান-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে মুরসালরূপে বর্ণনা করেছেন। তাদের মধ্যে রয়েছেন খালিদ ইবনে খিদাশ আল মুহাল্লাবী, মাওহাব ইবনে ইয়াযীদ, আহমাদ ইবনে আবদুর রহমান ইবনে ওয়াহব প্রমুখ। এদের কেউ তার হাদীসের সনদের মধ্যে ইবনে ওয়াহব-আনাস ইবনে মালেক (রাঃ) এইরূপ উল্লেখ করেননি এবং আয-যুহরী ও আল-হাসানের মাঝখানে

সুলায়মান ইবনে আরকামেরও উল্লেখ করেননি। যদিও আয-যুহরীর ভ্রাতুপুত্র ও ইবনে আতীক (রহঃ) উভয়ে আয-যুহরী-সুলায়মান ইবনে আরকাম-আল-হাসান-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে এই হাদীস মুরসালরূপে বর্ণনা করেছেন। অতএব আল-হাসান (রহঃ) থেকে বর্ণিত এই চারটি সূত্রই বাতিল। কারণ আল-হাসান (রহঃ) এই হাদীস হাফ্‌সা ইবনে সুলায়মান আল-মিনকারী-হাফসা বিনতে সীরীন-আবুল আলিয়া আর-রিয়াহী-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে মুরসালরূপে শ্রবণ করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80378

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন